পেছনে ফেলে রেখে প্রকাণ্ড জাহাজখানা সমুদ্রের দিকে এগিয়ে চলেচে। ভোর ছ'টায় জাহাজ ছেড়েছিল, এখন বেশ রৌদ্র উঠেচে, ডেকের একদিকে অনেকখানি জায়গায় যাত্রীরা ডেক চেয়ার পেতে গল্পগুজব জুড়ে দিয়েচে, ষ্টীমারের একজন কর্ম্মচারী সবাইকে বলে গেল পাইলট নেমে যাওয়ার আগে যদি ডাঙায় কোনো চিঠি পাঠানো দরকার হয় তা যেন লিখে রাখা হয়।

বয় এসে বল্লে—আপনাকে চায়ের বদলে আর কিছু দেবো?

সুরেশ্বর সেকেণ্ড ক্লাসের যাত্রী, সে চা খায় না, এ খবর আগেই জানিয়েছিল এবং কিছু আগে সকলকে চা দেওয়ার সময়ে চায়ের পেয়ালা সে ফেরৎ দিয়েছে।

সুরেশ্বর বললে—না, কিছু দরকার নেই। বয় চলে গেল।

এমন সময়ে কে একজন বেশ মার্জ্জিত ভদ্র সুরে ওর পেছনের দিক থেকে জিজ্ঞাসা করলে—মাপ করবেন, মশায় কি বাঙালী?

সুরেশ্বর পেছন ফিরে চেয়ে দেখলে বিস্ময়ে এইমাত্র একজন নব আগন্তুক যাত্রী তার ডেক চেয়ার পাতবার মাঝখানে থমকে দাঁড়িয়ে তাকে এই প্রশ্ন করছে। তার বয়স পঁচিশ ছাব্বিশের বেশী নয়, একহারা দীর্ঘ সুঠাম চেহারা। সুন্দর মুখশ্রী, চোখ ছুটি বুদ্ধির দীপ্তিতে উজ্জ্বল—সবশুদ্ধ মিলিয়ে বেশ সুপুরুষ। সুরেশ্বর উত্তর দেওয়ার আগেই সে লোকটি হাসিমুখে বল্লে—কিছু মনে করবেন না, একসঙ্গেই ক'দিন থাকতে হবে আপনার সঙ্গে, একটু আলাপ করে নিতে চাই। প্রথমটা বুঝতে পারিনি আপনি বাঙ্গালী কি না।

সুরেশ্বর হেসে বল্লে—এর আর মনে করার কি? ভালই তো হোল। আমার পক্ষেও। সেকেণ্ড ক্লাসে আর বাঙালী নেই?

বন্দরে জাহাজ এসে থামলে সুরেশ্বর ও বিমল চীনে কুলী দিয়ে মালপত্র এনে দু'খান রিক্‌সা ভাড়া করলে। ওরা দু'জনেই একটা ভারতীয় হোটেল দেখে নিয়ে সেখানেই উঠলো। বিকালের দিকে সুরেশ্বর তার ওষুধের ফার্শ্মের কাজে কয়েক জায়গায় ঘুরে এল। বিমল যে ভদ্রলোকের নামে চিঠি এনেছিল, তাঁর সঙ্গে দেখা করতে গেল।

সন্ধ্যার পূর্ব্বে সুরেশ্বর ফিরে এসে দেখলে বিমল বিষন্ন মুখে ঘরে বসে আছে।

সুরেশ্বর জিগ্যেস করলে—কি হয়েছে? অমন ভাবে বসে কেন?

বিমল বল্লে—ভাই এতদূরে পয়সা খরচ করে আসাই মিথ্যে হোল? আমি—যা ভেবে এখানে এলুম, তা হবার কোনো আশা নেই। যে ভদ্রলোকের নামে চিঠি এনেছিলাম, তাঁর নিজের ভাগনে ডাক্তার হয়ে এসে বসেচে। আমার কোনো আশা নেই।

সুরেশ্বর বললে—তাতে কি হয়েচে? এতবড় সিঙ্গাপুর সহরে দুজন বাঙ্গালী ডাক্তারের স্থান হবে না? খেপেচ তুমি? আমি ওষুধের দোকান খুলচি, তুমি সেখানে ডাক্তার হয়ে বোসো। দেখো কি হয় না হয়।

হঠাৎ সুরেশ্বরের মনে হোল তাদের ঘরের বাইরে জানালার কাছে কে যেন একজন ওদের কথা দাঁড়িয়ে শুনচে।

বিমল বল্লে ওকে?

সুরেশ্বর তাড়াতাড়ি দরজার কাছে গিয়ে মুখ বাড়িয়ে দেখলে। তার মনে হোল একজন যেন বারান্দার মোড়ে অদৃশ্য হয়ে গেল।

সে ফিরে এসে বল্লে—ও কিছু না, কে একজন গেল।

তারপর ওরা দু'জনে অনেক রাত পর্য্যন্ত সিঙ্গাপুরের ভারতীয় পাড়ায়

চীনের বিশ্ববিখ্যাত মাটির বাসন, মিং রাজত্বের অপূর্ব্ব প্রাচীন শিল্প, পুতুল, খেলনা, বুদ্ধ, দানব, এসব এই গরীবদের জন্যে নয়।

রেলষ্টেশনের প্ল্যাটফর্ম্মে খুব ভীড়। একখানা সৈন্যবাহী ট্রেণ সিন্-কিউ থেকে সাংহাই যাচ্ছে—প্রত্যেক ষ্টেশনে আবার নতুন ভর্ত্তি-করা সৈন্যদের ওই ট্রেণেই উঠিয়ে দেওয়া হচ্ছে। সুরেশ্বর বিমলের দৃষ্টি আকর্ষণ করলে ট্রেণের ছাদের দিকে।

সব কামরার ছাদে কাঁচা ডালপালা চাপানো—কোনটায় শুক্‌নো খড় বিচালি ছাওয়া।

বিমল বল্লে—এরোপ্লেন পাছে বোমা ফেলে ট্রেণে, তাই ওরকম করেছে বলে মনে হয়।

সাংহাই ৪৫০ মাইল দূরে।

হঠব হঠর করে সারাদিন ট্রেন কৃষিক্ষেত্র, অনুচ্চ পাহাড়, গ্রাম আর বস্তি পার হয়ে চলেছে। ট্রেনেব গতি মন্দ নয়, পুবানো আমলের এঞ্জিন বদলে নতুন এঞ্জিন কেনা হয়েছে, বেশ জোরেই ট্রেন যাচ্ছে।

ওদের কামরাতে সাধাবণ সৈন্যদল নেই অবিশ্যি। মাত্র জন আষ্টেক লোক, সবাই অফিসার শ্রেণীর, কিন্তু কেউ ইংবিজি জানে না। মহা অসুবিধেয় পড়ে গেল ওরা—কিছু দবকাব হোলে চাওয়া যায় না, নতুন কিছু দেখলে জিগ্যেস কবা যায় না যে সেটা কি!

দুপুরের দিকে একটা ছোট সহরে গাড়ী দাঁড়াল এবং ওদের কামরাতে একজন সাদা সরু একগুচ্ছ লম্বা দাড়িওয়ালা বৃদ্ধ সৌম্যমূর্ত্তি ভদ্রলোক উঠলেন, সঙ্গে তাঁর এগারোটা তরুণ যুবা। এদের সবারই বেশ সুন্দর কমনীয় চেহারা।

বোমা! বোমা!'

ওরা জানালা দিয়ে দেখলে, যে-ঘরের মধ্যে ওরা শুয়ে ছিল—তার পূবদিকে একটা ঘরের দেওয়াল চূর্ণ বিচূর্ণ হয়ে ভেঙে পড়েছে। সেই গোলমালের মধ্যে ভিড় ঠেলে এ্যালিস্ ছুটতে ছুটতে ওদের ঘরের মধ্যে ঢুকে ডাকলে—বিমল! বিমল!

বিমল বল্লে—এই যে এ্যালিস, তোমাদের কোন ক্ষতি হয়নি? মিনি কোথায়?

বলতে বলতে মিনিও ঘরে ঢুকলো। বল্লে—বাইরে এসো, দেখো শীগগির—চট্ করে এসো—

ওরা বাইরে গেল। কন্‌শেসনের পুলিশের ডেপুটি মার্শাল এসে পৌঁছেছেন দুর্ঘটনার স্থানে। সবাই আকাশের দিকে চাইলে, দুখানা এরোপ্লেন চলে যাচ্ছে—আলো নিবিয়ে। জনৈক ফরাসী কর্ম্মচারী দেখে বল্লেন—কাওয়াসাকি বম্বার।

বিমল বল্লে—এ্যালিস, কি করে চেনা গেল জিজ্ঞেস করো না?

মিনি বল্লে—আমি জানি। নীচের দিকে উইং কালো আঁজি কাটা ছুঁচোমুখ প্লেন্ এই হোল জাপানীদের বিখ্যাত বোমা ফেলবার প্লেন কাওয়াসাকি বম্বার। কিন্তু কন্‌শেসনে বোমা! এরকম তো কখনো—

সে রাত্রে আর কারো ঘুম হোল না। বিমল খুব খুসি না হয়ে পারলে না তার মঙ্গলামঙ্গলের দিকে এ্যালিসের এত আগ্রহদৃষ্টি দেখে। সেই রাত্রে বোমা পড়েছে শুনে এ্যালিস সকলের আগে এসেছে তাকে দেখতে সে কেমন আছে?

শেষ রাত্রের দিকে সবাই একটু ঘুমিয়ে পড়েছিল কিন্তু খুব সোরগোলে ওদের ঘুম ভেঙে গেল।

বোমা বইতে পারে না মশায়—সে পারে জার্ম্মাণ ডর্ণিয়ের কিংবা ইটালির কাপ্রোণি—কিংবা—

ডেপুটি মার্শাল বল্লেন—আহা হা ও সব এখন থাক্—ও তর্কে কি লাভ আছে? এখন আমাদের দেখতে হবে যে দুটি মার্কিন মহিলাকে কাল রাত্রে গুণ্ডারা নিয়ে গিয়েছে, তাঁদের উদ্ধারের কি উপায় করা যায়, বোমা এখন এবেলা অন্ততঃ আর পড়বে না—

এমন সময়ে একজন চীনা পুলিশ সার্জ্জেণ্ট্ মোটর সাইকেলে ছুটে এসে সংবাদ দিলে কন্‌শেসন অঞ্চলে চীনা পলাতক নরনারীদের সঙ্গে কন্‌শেসন পুলিশের ভয়ানক দাঙ্গা আরম্ভ হয়েছে। ওরা ইয়াংসিকিয়াং এর ব্রিজ পার হয়ে যাচ্ছিল, কন্‌শেসন পুলিশ ব্রিজের ও মুখে মেসিনগান বসিয়েছে—তারা বলছে এত পলাতক লোক জায়গা দেবার স্থান নেই কন্‌শেসনে। খাবার নেই, জল নেই। গেলে সেখানে দুর্ভিক্ষ হবে।

প্রোফেসর লি বল্লেন—কত লোক পালাচ্ছিল?

—তা বোধ হয় দশ হাজারের কম নয়। অর্দ্ধেক সাংহাই ভেঙ্গে মেয়ে-পুরুষ সব পালাচ্ছে কন্‌শেসনের দিকে। আপনারা সব চলুন, একটু বোঝান ওদের। রাত্রির ব্যাপারে সব ভয় খেয়েছে বড্ড। কন্‌শেসনের পুলিশদলকে চলে যেতে উদ্যত দেখে বিমল বল্লে—আজই মেয়ে দুটীর ব্যবস্থা আপনাদের করতে হবে—দেরি হোলে ওদের খুঁজে বার করা শক্ত হবে হয় তো?

চীনা পুলিশের ডেপুটি মার্শাল বল্লেন—সে বিষয়ে ওঁরা কিছু সাহায্য করতে পারবেন না। আমাদের বদমাইসদের লিষ্ট আমাদের কাছে আছে। আমি আজ এখুনি এর ব্যবস্থা করছি। ব্যস্ত হবেন না—বিদেশী গবর্ণমেণ্টের কাছে এজন্যে আমাদের দায়িত্ব অত্যন্ত বেশী।

এ্যালিসকে এক রকম জোর করে টেনে বিমল তাকে আবার উপুড় করে শোয়ালে। বিমল ভাবছিল, এখুনি যদি দুর্দান্ত জাপানী গ্রিনে-ডিয়ারেরা হ্যাণ্ডগ্রিনেড্ নিয়ে ছুটে আসে ঢিবিটা ডিঙিয়ে, তবে এই শায়িতা নারী-সৈনিকের দল একটাও টিক্‌বে না। জাপানী হ্যাণ্ডগ্রিনেডের বিস্ফো-রণের ফল অতি সাংঘাতিক, এদের কম্যাণ্ড্যাণ্ট কি ভরসায় এদের এখনো শুইয়ে রেখেছে? মরবে তো সবগুলোই মরবে। যা করে করুক, ওদের সৈন্য ওরা বাঁচাতে হয় বাঁচাক, না হয় যা হয় করুক। কিন্তু মিনি ও এ্যালিসের জীবন আবার বিপন্ন হোল!

ফটাফট্—

আবার একটা অস্ফুট চীৎকার! তারপর বিমল চেয়ে দেখলে চীৎকার না করেও সারির মাঝামাঝি দুটী মেয়ে উপুড় অবস্থাতেই মুখ গুঁজরে পড়ে আছে। হাতের শিথিল মুঠিতে তখনও রাইফেল ধরাই রয়েছে। তার মধ্যে একটী মেয়ের মুখ থেকে রক্ত বার হয়ে সামনের মাটী রাঙা হয়ে গিয়েছে। আর একটী মেয়েও দেখতে দেখতে মুখ গুঁজে পড়ে গেল। আঃ—কি ভীষণ হত্যাকাণ্ড। পুরুষদের এরকম অবস্থায় দেখলে সহ্য করা হয় তো যায়—কিন্তু এই ধরণের নারী-বলির দৃশুটা বিমলের অতি করুণ ও অসহনীয় হয়ে উঠলো!

বিমল বল্লে—এ্যালিস। কম্যাণ্ড্যাণ্ট্‌টি কেমন লোক? এদের দাঁড়িয়ে খুন করাচ্ছে কেন? হঠে যাবার অর্ডার না দেওয়ার মানে কি? জাপানীরা বেওনেট্ কি হ্যাণ্ডগ্রিনেড্ চার্জ্জ করলে একজনও বাঁচবে।

এ্যালিস বিমলের পাশেই উপুড় হয়ে শুয়ে—তার ওদিকে মিনি।

মিনি বল্লে—কম্যাণ্ড্যাণ্টের এ-রকম ব্যবহারের নিশ্চয়ই কোন মানে আছে। মানে কি আছে তা জানবার আগেই আরও দুটী মেয়ে মুখ

খাবার খেতে আপত্তি নেই। অন্য অন্য মেয়ে-সৈনিক ওদের দেশীয় খাদ্য কিছু কিছু দিলে। তারা চলে গেল তাই খেয়ে। এ্যালিসের ইচ্ছা ওদের মধ্যে একটা ছোট্ট ছেলে নিয়ে যায়। বল্লে—বিমল, বলো না, ওদের মধ্যে কাউকে আমার সঙ্গে যাবে? আমি খুব যত্ন করবো। বিমল হাসলে, তা কি কখনো হয়?

একটু পরে একখানা ট্রেণ এল। তাতে সব খোলা ট্রাক, কয়লার গাড়ীর মত। কম্যাণ্ডাণ্টের আদেশে সবাই তাতে উঠে পড়লো। ট্রেণের গার্ডের মুখে শোনা গেল জাপানীরা এখান থেকে ব্যইশ মাইল ডাউন লাইনে একখানা সৈন্যবাহী ট্রেণ এরোপ্লেন থেকে বোমা মেরে উড়িয়ে চুরমার করে দিয়েছে।

ট্রেণ ছাড়লো। গার্ড বল্লে ভয়ানক বিপজ্জনক অবস্থা। ওরা প্রত্যেক সৈন্যবাহী ট্রেণের ওপর কড়া লক্ষ্য রেখেছে। পৌঁছে দিতে পারবো কিনা নিরাপদে তার ঠিক নেই।

মাইল ত্রিশেক দুধারে ফাঁকা মাঠ, ধানের ক্ষেত, আমের ক্ষেতের মধ্য দিয়ে ট্রেণ চলল। বেলা প্রায় পাঁচটা বাজে, রোদ নেই। মাঠে ঘন ছায়া পড়ে এসেছে। এমন সময় একটা পরিচিত আওয়াজ শুনে বিমলের বুকের মধ্যটা কেমন করে উঠলো। মুখ উঁচু করে দেখতে গিয়ে দেখলে ট্রেণের সবাই মুখ তুলে চেয়ে রয়েছে। অনেকগুলি এরোপ্লেনের সম্মিলিত ঘর্-ঘর্ আওয়াজ। ট্রেণ যেন গতি বাড়িয়ে দিয়ে জোরে চলতে লাগলো।

মিনি বল্লে—ওই দেখো বিমল এরোপ্লেনের সারি! বম্বার!—

চক্ষের নিমিষে এরোপ্লেন সারি নিকটবর্ত্তী হোল—কিন্তু ট্রেণখানাকে গ্রাহ্য না করেই যেন এরোপ্লেনগুলো উত্তর থেকে দক্ষিণে চলে যাচ্ছিল—হঠাৎ একখানা বম্বার দল ছেড়ে বড় নীচু হয়ে গেল। ট্রেণের সকলের মুখ

কাছেই একটা তাঁবু। মাঠের মধ্যে কিছুদূরে জাপানীদের সঙ্গে যুদ্ধ হচ্ছে। এটা ফিল্ড্ হাসপাতাল।

ট্রেণ থেকে মেয়ে সৈন্যদের ক্রমেই নামিয়ে দেওয়া হোল। ট্রেণ খানা যেখান থেকে এসেছিল সেখানে ফিরে যাবে বলে পিছু হঠে চলে গেল। কোনো বড় ষ্টেশনে গিয়ে এঞ্জিন খানা সোজা করে জুড়ে নেবে। সম্পূর্ণ নতুন জায়গা। যেন অনেকটা পূর্ব্ববঙ্গের বড় বড জলা অঞ্চলের মত। ফসলের ক্ষেত নেই—সামনে একটা বিল কিংবা ঐ ধবণেব জলাশয়—দীর্ঘ দীর্ঘ জলজ ঘাসের বন জলের ধারে। দূরে দূরে মেঘের মত নীল পাহাড়। জায়গাটার নাম সিং-চাং। বিমল নেমে চারিদিকে দেখে অবাক হয়ে গেল।

ট্রেণে করে এতদূরে এসে এখানে আবার যুদ্ধক্ষেত্র কি করে এল ?

বিমলের ধারণা ছিল জাপানীদের আসল ঘাটি কোন্‌কালে পার হয়ে আসা গিয়েছে।

কিন্তু কম্যাণ্ড্যাণ্ট্ তাকে বুঝিয়ে বল্লেন এখান থেকে আরও প্রায় পঁচিশ মাইল দূব হ্যাং-কাউ সহর পর্য্যন্ত ওদের সৈন্য রেখা বিস্তৃত। সমুদ্রের উপকূল ভাগে অনেক দূব পর্য্যন্ত ওরা নিজেদের লাইন ছড়িয়ে বেখেছে। মাটীতে একটা নক্সা এঁকে বুঝিয়েও দিলেন।

বিমল একটা অনুচ্চ ঢিবির ওপর উঠে চারিদিকে চেয়ে দেখলে।

কিছুদূরে একটা গ্রাম—পাশে কাদের অনেকগুলো বড় ছোট তাঁবু—সেখান থেকে ধোঁয়া উঠছে, বোধ হয় রান্নাবান্না চলছে। পশ্চিম দিকে একটা বড় শস্যক্ষেত্র, তার ধারে লম্বা লম্বা কি গাছের সারি। মোটের ওপর সবটা নিয়ে বেশ শান্তিপূর্ণ পল্লীদৃশ্য।

এ কি ধরণের যুদ্ধক্ষেত্র ?

কিন্তু বিমলদের সেখানে উপস্থিত হবার আধ ঘণ্টার মধ্যে পাঁচ ছ'জন আহত সৈন্যকে ষ্ট্রেচারে করে হাসপাতাল তাঁবুতে আনা হোল। সকলেই রাইফেলের গুলিতে আহত।

বিমল জিজ্ঞেস্ করে জানল যুদ্ধক্ষেত্র যে বেশীদূর তাও নয়—ওই গাছের সারির ওপাশেই এখান থেকে আধমাইলের মধ্যে। একটা ক্ষুদ্র গ্রাম জাপানীরা দখল করে সেখানে ঘাটি করেছে—চীন সৈন্য ওদের সেখান থেকে তাড়াবার চেষ্টা করছে।

কম্যাণ্ড্যাণ্টের আদেশে মেয়ে সৈনিকরা রান্নাবান্না করে খাবার আয়োজন করতে লাগলো—কারণ অনেকক্ষণ তারা বিশেষ কিছু খায়নি। বিমল বল্লে—খাইয়ে নিয়ে এদের কি এখন যুদ্ধক্ষেত্রে পাঠানো হবে? কম্যাণ্ড্যাণ্ট্ বল্লেন—না, এরা পরিশ্রান্ত। ক্লান্ত সৈন্যদের দিয়ে যুদ্ধ হয় না—ওদের অন্ততঃ দশঘণ্টা বিশ্রাম করতে দেবো।

—তারপর?

—তারপর যুদ্ধেও পাঠাতে পারি—রিজার্ভ রাখিতে পারি। এখান থেকে সাত মাইল দূরে হ্যান্‌কাউ-ক্যাণ্টন রেলের ধারে একটা গ্রামে নাইন্‌থ্ রুট্ আর্মির এক ঘাঁটি। সেখানে জেনারেল মাও-সি-তিং আছেন—তাঁর হুকুম মত কাজ হবে।

—হুকুম আসবে কি করে?

—ঘোড়ার পিঠে যায় আসে ডেস্‌প্যাচ্ রাইডারের দল। আমাদের ফিল্ড্ টেলিফোন্ নেই।

কম্যাণ্ড্যাণ্টের সঙ্গে কথা বলে ফিরে গিয়ে বিমল হাসপাতাল তাঁবুতে আহত সৈন্যদের চিকিৎসার কাজে মন দিল। তিনটী হতভাগ্য সৈনিক কোনোপ্রকার সাহায্য পাবার পূর্ব্বেই মারা গেল। বাকী কয়েকজনের

